# খানসামা উপজেলা পরিষদের মার্চ ২০১৬ মাসের সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ মোঃ সহিদুজ্জামান শাহ্
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
খানসামা, দিনাজপুর।

স্থান ঃ উপজেলা পরিষদ সভা কক্ষ, খানসামা, দিনাজপুর।

তারিখ ঃ ১৫/০৩/২০১৬ খ্রিঃ।

সময় ঃ সকাল- ১০.৩০ টা।

সভায় উপস্থিতি ঃ পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সম্মানিত সকল সদস্যগণকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি উপজেলা নির্বাহী অফিসার, খানসামা, দিনাজপুরকে সভা পরিচালনার জন্য অনুরোধ জানান।

সভার প্রারম্ভে উপজেলা নির্বাহী অফিসার জনাব মোঃ সাজেবুর রহমান গত ১৭/০২/২০১৬ খ্রিঃ তারিখে সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান। উক্ত কার্যবিবরণীতে বিবিধ আলোচনা ও সিদ্ধান্তের অনুচ্ছেদ-৩ এর (খ) ও (ঘ) এর আংশিক সংশোধনী পূর্বক তা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

০১। **বিভাগওয়ারী আলোচনা ও সিদ্ধান্ত ঃ**

**(i) স্বাস্থ্য বিভাগ ঃ** উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তার প্রতিনিধি সভায় উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ বিভাগের তথ্যাদি নিম্নোক্তভাবে উপস্থাপন করেন ঃ-

| জরুরী | অনুমোদিত পদ | পুরনকৃত পদ | শুন্য পদ | মন্তব্য |
|---|---|---|---|---|
| ডাক্তার | ১৫ | ০৯ | ০৬ | ৯ জনের মধ্যে ২ জন অনুপস্থিত |
| নার্স | ১২ | ০৫ | ০৭ | |

স্বাস্থ্য কমপ্লেক্স-এ ফেব্রুয়ারি, ২০১৬ খ্রিঃ মাসে অন্তঃ বহিঃ ও জরুরী বিভাগে রোগীর সেবা প্রদান নিম্নরুপ।

| | পুরুষ, মা ও শিশু | | মোট |
|---|---|---|---|
| অন্তঃ বিভাগ | ১০৮ | ২০২ | ৩১০ |
| বহিঃ বিভাগ | ৩৪৯৮ | ৫৭৭৬ | ৯২৭৪ |
| জরুরী বিভাগ | ২৩৩ | ২১৬ | ৪৪৯ |

ইপিআই কার্যক্রম ঃ বিসিজি-৩৮৬, পেন্টা-১-৩৮৫, পেন্টা-২-৩৯৭, পেন্টা-৩-৩৬৭, টিটি-১, টিটি-২, টিটি-৩, টিটি-৪, টিটি-৫।

| | ১ম ডোজ | ২য় ডোজ | ৩য় ডোজ | ৪র্থ ডোজ | ৫ম ডোজ |
|---|---|---|---|---|---|
| সাধারণ মহিলা- | ১৯৭ | ২১৯ | ২৩২ | ২০২ | ১৬২ |
| গর্ভবর্তী মহিলা- | ৬ | ৫ | ৯ | ২৪ | ২০ |

ডায়ারিয়া রোগীর সংখ্যা-১৫৩, মৃত-নেই । ভেজাল খাদ্যে নমুনা সংখ্যা-৪টিত, কেস সংখ্যা-নেই (সংশ্লিষ্ট মাসে)। কেস নিস্পত্তির সংখ্যা-২টি (সংশ্লিষ্ট মাসে)। পেন্ডিং কেসের সংখ্যা-৩৪টি।

**সিদ্ধান্ত ঃ** (ক) বিভাগীয় কার্যক্রম আরও গতিশীল রাখতে হবে।

**বাস্তবায়নে ঃ** উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, খানসামা, দিনাজপুর।

**(ii) কৃষি বিভাগ ঃ** উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, এবারে রবি মৌসুমে মোট ৩৬২০ হেক্টর জমিতে আলু আবাদ হয়েছে। তৎমধ্যে ৩২৭০ হেক্টর উফসী ও ৩৫০ হেক্টর দেশী আলুর চাষ হয়েছে। বর্তমানে আলুর শস্য কর্তন শুরু হয়েছে। আলুর ফলন আশানুরুপ। উপজেলা কৃষি অফিস ও উপজেলা পরিসংখান অফিস যৌথভাবে শস্য কর্তণ পূর্বক হেক্টর প্রতি উফসী ২১.৫ মেঃটন ও স্থানীয় জাতের ১১.৫ মেঃটন ফলন পাওয়া গেছে। এ বৎসরে মোট ৪৫০ হেক্টর সরিষা চাষ হয়েছে। সরিষা কর্তন শেষ হয়েছে। উপজেলা কৃষি অফিস ও উপজেলা পরিসংখ্যান অফিস যৌথভাবে শস্য কর্তন পূর্বক সরিষার হেক্টর প্রতি ফলন ১.৪৮ মেঃটন পাওয়া গেছে।

উপজেলা কৃষি অফিসার সভায় আরও জানান যে, বর্তমানে বোরো ফসলের রোপন কাজ শেষ হয়েছে, এযাবৎ ৫৯৭০ হেক্টর জমিতে রোপন কার্য সম্পাদন হয়েছে। তৎমধ্যে হাইব্রিড-৭০ হেক্টর ও উফশী-৫৯০০ হেক্টর। বোরো ফসল রোপন কালিন সময়ে জৈব সার প্রয়োগ, সুষম মাত্রায় সার প্রয়োগ, সঠিক বয়সের চারা রোপন, পার্চিং, লাইনে রোপন, গুটি ইউরিয়া প্রয়োগসহ সকল বিশেষ কার্যক্রম সম্পন্ন করার জন্য উপসহকারী কৃষি কর্মর্তাগণকে নির্দেশ দেয়া হয়েছে।

উপজেলা কৃষি অফিসার সভায় আরও জানান যে, জেলা প্রশাসক, দিনাজপুর মহোদয়ের স্মারক নং-০৫.৫৫.২৭০০.০০৬.১১.০১৭.২০১৫/৪৬৩(১৫), তারিখ-০২/০৩/২০১৬ এবং উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, দিনাজপুর মহোদয়ের স্মারক নং-১২.১৭.২৭০০.০৪১. ১৬.০৬৫.১৪-৪৯৪(১৩), তারিখ-০৩/০৩/২০১৬ অনুযায়ী চলতি মার্চ, ২০১৬ মাসে রবি মৌসুমের বিভিন্ন ফসলের চাহিদা নিরুপনের জন্য ৯০০ মেঃটন ইউরিয়া সার ১০০% বাফার হতে বরাদ্দ পাওয়া যায় যা ইতোমধ্যে ১০ জন বিসিআইসি ডিলারের অনুকুলে উপ-বরাদ্দ প্রদান করা হয়। সংশ্লিষ্ট ডিলারগণ ইতোমধ্যে আংশিক টাকা জমা করেছেন। চলতি মাস হতে এখনও ইউরিয়া সার উত্তোলন হয়নি, তবে উত্তোলন প্রক্রিয়াধীন রয়েছে। বর্তমানে গত মাসের বরাদ্দ হতে উত্তোলনকৃত ডিলার পর্যায়ে ৪০৫.৯৫ মেঃটন ইউরিয়া সার মজুদ রয়েছে। এছাড়া উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, দিনাজপুর মহোদয়ের স্মারক নং-১২.১৭.২৭০০.০৪১. ৪০.০৬৫.১৪-৪৬৪(২৭৭), তারিখ-২৯/০২/২০১৬ অনুযায়ী বিসিআইসি ও বিএডিসি ডিলারদের অনুকুলে উপ-বরাদ্দ মোতাবেক মোট টিএসপি ৪৫.০ মেঃটন, এমওপি ১১৫ মেঃটন ও ডিএপি ৪০.০ মেঃটন, নন ইউরিয়া সার উত্তোলন করে কৃষকের মাঝে সরবরাহ করেছেন এবং অবশিষ্ট সার উত্তোলনের প্রক্রিয়ায় রয়েছে। ডিলার পর্যায়ে বরাদ্দ ও বরাদ্দ বহির্ভূত টিএসপি ৩৩.৭৫ মেঃটন, এমওপি ৬৫.৮৫ মেঃটন ও ডিএপি ৪৫.১৫ মেঃটন, নন-ইউরিয়া সার মজুদ রয়েছে। সার উত্তোলন, সরবরাহ, বিক্রয় ও মজুদ নিবিড় মনিটরিং কার্যক্রম বিভাগীয় পর্যায়ে অব্যাহত রয়েছে।

উপজেলা কৃষি অফিসার সভায় আরও জানান যে, উপজেলা পরিষদের বার্ষিক উন্নয়ন প্রকল্পের অর্থায়নে রবি মৌসুমে অর্গানিক পদ্ধতিতে জৈব কৃষি প্রযুক্তি ব্যবহার করে পরিবেশ বন্ধব বিষমুক্ত নিরাপদ নাবি টমেটো সব্জী উৎপাদন কার্যক্রম বিদ্যমান। ফসলের অবস্থা ভাল, অঙ্গজ থেকে ফুল ফোটা অবস্থা বিদ্যমান। স্বাস্থ্য সম্মত জৈবিক বালাই ব্যবস্থাপনার মাধ্যমে নিরাপদ সব্জী উৎপাদই মূল উদ্দেশ্য।

**সিদ্ধান্ত** (ক) মাঠে বাস্তবায়িত রবি মৌসুমের বিভিন্ন ফসল রোগবালাই ও পোকামাকড় এ যেন আক্রান্ত না হয় সেদিকে কৃষকদের পরামর্শ ও মনিটরিং করার সিদ্ধান্ত গৃহীত হয়।
(খ) বোরো ফসলে সারের যেন ঘাটতি না হয় সেদিকে কঠোর মনিটরিং করার জন্য নির্দেশনা প্রদান করা হয়।
(গ) জৈব কৃষি প্রযুক্তি ব্যবহার করে নিরাপদ সব্জী উৎপাদন টমেটো ফসল নিবিড় মনিটরিং করার জন্য উপজেলা কৃষি অফিসারকে পরামর্শ প্রদান করা হয়।

**বাস্তবায়নে ঃ** উপজেলা কৃষি কর্মকর্তা, খানসামা, দিনাজপুর।

**(iii) শিক্ষা বিভাগ ঃ** উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, বিদ্যালয়ে পরিদর্শনে গেলে দেখা যায় শিশুদের বইয়ে মলাট লাগানো থাকে না। তিনি সংশ্লিষ্ট সকলকে পরিদর্শনকালিন সময়ে এ বিষয়ে বিশেষ নজর দেয়ার জ্য অনুরোধ করেন। তিনি ২০১৫ সালের প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষার অকৃতকার্য ও অনুপস্থিত শিক্ষার্থীদের বাড়ী পরিদর্শন করে ঝড়ে পড়ার হার হ্রাস করা সম্ভবপর বলে মত প্রকাশ করেন। জাতীয় প্রাথমিক শিক্ষা সপ্তাহ ও আন্তঃ প্রাথমিক ক্রিড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা সুষ্ঠভবে সম্পন্ন হয়েছে। জেলা পর্যায়ে শিক্ষা মেলায় মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয় ও জাহাঙ্গীরপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় এর নেতৃত্বে সফলভাবে অংশগ্রহণ করেছে। তিনি আরও জানান শিক্ষা বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। পরিদর্শন প্রমাপমত হচ্ছে। সভাপতি মহোদয় সকল কর্মকর্তাকে প্রাথমিক বিদ্যালয়গুলো পরিদর্শনের জন্য অনুরোধ করেন। এতে বিদ্যালয়গুলোর চাহিদা নিরুপন করা ও শিক্ষার মান সম্পর্কে ধারণা পাওয়া যাবে।

**সিদ্ধান্ত ঃ** (ক) শিশুদের বইয়ের মলাট লাগানোর বিষয়টি সকল বিদ্যালয়ের প্রধান শিক্ষকগণ নিশ্চিত করবেন।
(খ) প্রধান শিক্ষকগণ হোম ভিজিটের মাধ্যমে ঝড়ে পড়ার হার কমানোর সিদ্ধান্ত গৃহিত হয়।
(গ) প্রমাপমত পরিদর্শন অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়।
(ঘ) কৃষি অফিসার ১নং ইউনিয়ন, মাধ্যমিক শিক্ষা অফিসার ২নং ইউনিয়ন, মহিলা বিষয়ক কর্মকর্তা ৩নং ইউনিয়ন, সমাজসেবা অফিসার ৪নং ইউনিয়ন, উপজেলা প্রকৌশলী ৫নং ইউনিয়ন ও ৬নং ইউনিয়ন এর বিদ্যালয়গুলো পরিদর্শন করে বিদ্যালয়ের শিক্ষার গুনগত মানসহ অবকাঠামোগত চাহিদা মূল্যায়ন করে পরবর্তী সভায় উপস্থাপন করবেন।

**বাস্তবায়নে ঃ** উপজেলা শিক্ষা অফিসার ও সংশ্লিষ্ট কর্মকর্তা, খানসামা, দিনাজপুর।

**(iv) প্রাণি সম্পদ বিভাগ ঃ** উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা সভায় তার বিভাগের ফেব্রুয়ারি ২০১৬ মাসের কাজের বিবরণ উপস্থাপন করেন।

(১) গবাদি পশু টিকা প্রদান-৬৫৪০ টি, (২) হাস-মুরগী টিকা প্রদান-৪২,০০০ টি, (৩) গবাদি পশুর চিকিৎসা প্রদান-৯৪১ টি, (৪) হাস-মুরগীর চিকিৎসা প্রদান- ৫,৮৩০ টি, (৫) কৃত্রিম প্রজনন কাজ- ১৩৬ টি।

এছাড়া অন্যান্য বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

**সিদ্ধান্ত ঃ** (ক) বিভাগীয় কার্যক্রম গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহিত হলো।

**বাস্তবায়নে ঃ** উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, খানসামা, দিনাজপুর।

**(v) সমবায় বিভাগ ঃ** উপজেলা সমবায় অফিসার চলতি দায়িত্ব সভায় জানান যে, সমবায় বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে ও মাঠ পর্যায়ে কোন সমস্যা নেই। সমবায় সমিতিগুলির তদারকী, পরিচর্যা ও পরিদর্শন কার্যক্রম নিয়মিতভাবেই হচ্ছে। এ দপ্তরের মাধ্যমে গোয়ালডিহি আশ্রয়ণ প্রকল্প (ফেইজ-২) এ ঋণ কার্যক্রম চলমান রয়েছে। মার্চ ২০১৬ খ্রিঃ পর্যন্ত ঋণ দাদন করা হয়েছে ৮,৪০,৫০০/- টাকা এবং আদায় হয়েছে ৩,৭৮,৮১০/- টাকা। আদায়ের হার ৪৬%। খেলাপী ঋণ আদায়ের জোর প্রচেষ্টা অব্যাহত রয়েছে।

**সিদ্ধান্ত ঃ** (ক) বিভাগীয় কার্যক্রম গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহিত হলো।

**বাস্তবায়নে ঃ** উপজেলা সমবায় অফিসার (চঃদাঃ), খানসামা, দিনাজপুর।

**(vi) জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ ঃ** উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) এর বিভাগীয় কার্যপত্র নির্ধারিত সময়ে না পাওয়ায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা সম্ভব হলো না এবং সভাপতি মহোদয় অসন্তোষ প্রকাশ করেন।

**(vii) পল্লী উন্নয়ন বিভাগ ঃ** উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, বিআরডিবি'র আওতাধীন প্রকল্প/কর্মসূচি সমূহের ফেব্রুয়ারি, ২০১৬ মাসের ঋণ বিতরণ ও আদায় নিম্নরূপ ঃ

| ক্রমিক নং | প্রকল্পের নাম | ঋণ বিতরণ | আদায় (লক্ষ টাকায়) |
|---|---|---|---|
| ০১ | মূলকর্মসূচি | - | .৩৭ |
| ০২ | মহিলা উন্নয়ন অনুবিভাগ (মউ) | - | ১.৬০ |
| ০৩ | সদাবিক | ৪.৮৮ | ৫.৩৬ |
| ০৪ | গুচ্ছ গ্রাম | - | .২২ |
| ০৫ | আদর্শ গ্রাম-২ | - | .১০ |
| ০৬ | অগভীর নলকুপ | - | .০৮ |
| | সর্বমোট= | ৪.৮৮ | ৭.৭৩ |

এছাড়া ২০১৫ খ্রিঃ সালের জাতীয় পল্লী উন্নয়ন পদক প্রদানের জন্য উপজেলা থেকে উপযুক্ত সফল ব্যক্তি/প্রতিষ্ঠান/সমিতি/সংগঠন মনোনীত করে জেলা কমিটিতে প্রেরণের জন্য উপজেলা কমিটির এক সভা উপজেলা নির্বাহী অফিসার জনাব মোঃ সাজেবুর রহমান মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় অত্র উপজেলা থেকে ২০১৫ সালের জাতীয় পল্লী উন্নয়ন পদক প্রদানের নিমিত্তে নিম্নোক্ত সংগঠন এবং ব্যক্তিকে প্রার্থী হিসেবে মনোনীত করা হয়।

(১) সংগঠনের নাম ঃ মাদারডাঙ্গা সদাবিক পুরুষ দল।
(২) ব্যক্তির নাম ঃ মোছাঃ হাছিনা বেগম, ম্যানেজার, গোবিন্দপুর মহিলা সমবায় সমিতি।

অফিসের অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে।

**সিদ্ধান্ত ঃ** (ক) সফল ভোগীদের মধ্যে ঋণ বিতরন ও আদায় অব্যাহত রাখতে হবে।
(খ) বি আর ডিবি'র বিভাগীয় ঋণ আদায় জোরদার করার সিদ্ধান্ত গৃহিত হলো।

**বাস্তবায়নে ঃ** উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, খানসামা, দিনাজপুর।

**(viii) যুব উন্নয়ন বিভাগ ঃ** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার বিভাগীয় কার্যপত্র নির্ধারিত সময়ে না পাওয়ায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা সম্ভব হলো না এবং সভাপতি মহোদয় অসন্তোষ প্রকাশ করেন।

**(ix) প্রকল্প বাস্তবায়ন বিভাগ ঃ** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় বিভাগীয় কার্যক্রম জানা গেল না।

**(x) সমাজ সেবা বিভাগ ঃ** উপজেলা সমাজ সেবা কর্মকর্তা সভায় জানান যে, পল্লী সমাজসেবা কার্যক্রম (আরএসএস) ক্ষুদ্র ঋণ বিনিয়োগের আদায় সংশ্লিষ্ট মাঠ পর্যায়ের কর্মীদের মাধ্যমে ফেব্রুয়ারি, ২০১৬ খ্রিঃ মাসে মোট ৪০,৫৭০/- টাকা। ঋণ আদায়ের হার ৮৫%। দীর্ঘদিনের অনাদায়ী ঋণ আদায়ের জন্য প্রশাসনিক সহযোগিতা প্রয়োজন। প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসন কার্যক্রমের ক্ষুদ্র ঋণ বিনিয়োগের আদায় সংশ্লিষ্ট কর্মীদের মাধ্যমে ৯,৫৭০/- টাকা। ঋণ আদায়ের হার ৫৬%। আশ্রয়ণ প্রকল্পে ক্ষুদ্র ঋণ বিনিয়োগের আদায় ৪৭,৩০৫/- টাকা। আদায়ের হার ৭০%। সামাজিক নিরাপত্তা খাতে চলতি ২০১৫-১৬ অর্থ বছরে বর্ধিত (অতিরিক্ত) বরাদ্দ সংখ্যার অনুপাতে ভাতাভোগী নির্বাচনের জন্য কার্যক্রম চালু রয়েছে।

**সিদ্ধান্ত ঃ** (ক) পল্লী সমাজসেবা কার্যক্রম (ঋণ কার্যক্রম) সহ সংশ্লিষ্ট প্রকল্প ভিত্তিক দলীয় সঞ্চয় ও ঋণ আদায় সন্তোষজনক। ঋণের আদায়ের হার বৃদ্ধির জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন সমাজকর্মী ও ফিল্ড সুপারভাইজারকে পরামর্শ প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়।
(খ) শত ভাগ ঋণ আদায় কার্যক্রম জোরদার করার সিদ্ধন্ত গৃহিত হলো।

**বাস্তবায়নে ঃ** উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, খানসামা, দিনাজপুর।

**(xi) মৎস্য বিভাগ ঃ** উপজেলা মৎস্য কর্মকর্তা (অঃদাঃ) সভায় জানান যে, ১৪২৩-১৪২৫ বাংলা ০৩ সনের জন্য অত্র খানসামা উপজেলায় খাস জলাশয়/পুকুরসমূহ মৎস্য জীবি সমিতির মাধ্যমে ইজারা বন্দোবস্ত প্রদানের বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে এবং প্রকাশিত বিজ্ঞপ্তিতে আগামী ২০/০৩/২০১৬ খ্রিঃ পর্যন্ত আবেদন ফরম সংগ্রহ/বিতরণের দিন ধার্য রয়েছে। বিতরণকৃত আবেদন ফরমগুলি ১ম পর্যায় আগামী ২১/০৩/২০১৬ খ্রিঃ তারিখে, ২য় পর্যায় ২২/০৩/২০১৬ খ্রিঃ ও ৩য় পর্যায় ২৩/০৩/২০১৬ খ্রিঃ তারিখে জমা/গ্রহণ করা হবে এবং ঐ দিনেই উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক যাচাই-বাছাই কার্যক্রম সম্পন্ন করা হবে। এ ছাড়া দপ্তরীয় অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রম আরও গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহিত হলো।

**বাস্তবায়নে ঃ** উপজলো মৎস্য কর্মকর্তা (অঃদাঃ), খানসামা, দিনাজপুর।

**(xii) মাধ্যমিক শিক্ষা বিভাগ ঃ** উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, বাংলাদেশ জাতীয় স্কুল ও মদ্রাসার শীতকালীন ক্রীড়া প্রতিযোগিতা ২০১৬ সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। শিক্ষা প্রতিষ্ঠানে লেখাপড়ার পাশাপাশি নিয়মিতভাবে সহপাঠ ক্রমিক কার্যক্রম পরিচালনা করার সিদ্ধান্ত গৃহিত হয়। প্রত্যেক শিক্ষা প্রতিষ্ঠানে বছরের শুরুতেই বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত হয়।

**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রম আরও গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহিত হলো।

**বাস্তবায়নে ঃ** উপজলো মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, খানসামা, দিনাজপুর।

**(xiii) পরিবার পরিকল্পনা বিভাগ ঃ** উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের কর্মসূচী সন্তোষজনকভাবে সম্পন্ন হচ্ছে। অতঃপর তিনি মার্চ, ২০১৬ মাসের মাসিক অগ্রগতির প্রতিবেদন সভায় নিম্নোক্তভাবে উপস্থাপন করেন।

অস্থায়ী পদ্ধতি ঃ

| খাবার বড়ি | | | ইনজেকশন | | | কন্ডম | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| প্রজেকশন | অর্জন | অর্জনের হার % | প্রজেকশন | অর্জন | অর্জনের হার % | প্রজেকশন | অর্জন | অর্জনের হার % |
| ১৪৩৪ | ৯৫০ | ৬৬% | ৫৮১ | ৩৭৬ | ৬৫% | ২০৫ | ২৩ | ১১.২২% |

দীর্ঘমেয়াদী ও স্থায়ী পদ্ধতি ঃ

| স্থায়ী | | | ইমপ্লান্ট | | | আইইউডি | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| প্রজেকশন | অর্জন | অর্জনের হার % | প্রজেকশন | অর্জন | অর্জনের হার % | প্রজেকশন | অর্জন | অর্জনের হার % |
| ৪৪ | ৩০ | ৬৮% | ৬৯ | ৪২ | ৬১% | ২০ | ০৮ | ৪০% |

উপজেলার মোট সক্ষম দম্পতি ঃ ৪০,৯৮৫ জন।
উপজেলার সর্বমোট পদ্ধতি গ্রহণকারী ঃ ৩১,৭৮১ জন।
পদ্ধতি গ্রহণকারীর হার % ঃ ৭৭.৫৪%।

**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রম আরও গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহিত হলো।

**বাস্তবায়নে ঃ** উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, খানসামা, দিনাজপুর।

**(xiv) বন বিভাগ ঃ** ভারপ্রাপ্ত কর্মকর্তা, খানসামা সামাজিক বনায়ন, প্লান্টেশন সেন্টার, সভায় অনুপস্থিত থাকায় বিভাগীয় কার্যক্রম জানা গেল না।

**(xv) মহিলা বিষয়ক বিভাগ ঃ** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, ২০১৫-১৬ অর্থ বছরে এ উপজেলায় নতুন ১৭৪ জন মাকে দরিদ্র মার জন্য মাতৃত্বকাল ভাতা প্রদান কর্মসূচির আওতায় সম্পৃক্ত করা হয়েছে। দ্রুত তাদেরকে ব্যাংক হিসাবের মাধ্যমে ভাতা প্রদান করা সম্ভব হবে। ভিজিডি মহিলাদেরকে যথা সময়ে ফেব্রুয়ারি, ২০১৬ মাসে খাদ্য বিতরণ করা হয়েছে এবং প্রশিক্ষণ কার্যক্রম চলছে। এ বিষয়ে সকলে সহযোগিতা কামনা করি। মহিলা প্রশিক্ষণ কেন্দ্র ৩০ জন প্রশিক্ষণার্থী নিয়মিতভাবে দর্জি বিজ্ঞান প্রশিক্ষণ গ্রহণ করছে। মহিলাদের আত্নকর্মসংস্থানের জন্য ক্ষুদ্র ঋণ কার্যক্রমের আওতায় ৭০ জনকে ক্ষুদ্র ঋণ প্রদান করা হয় এর মধ্যে ১০ জনের ঋন পরিশোধ হয়। অবশিষ্ট ঋণ গ্রহীতাদের নিকট থেকে ঋণ আদায় করা হচ্ছে। একাজে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের সহযোগিতা কামনা করেন। এ উপজেলায় বাল্যবিবাহ প্রতিরোধে ইউনিয়ন পরিষদে নিয়মিত সভা করা প্রয়োজন। এ বিষয়ে উপস্থিত চেয়ারম্যানগণের দৃষ্টি আকর্ষণ করি।

**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রম আরও গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহিত হলো।

**বাস্তবায়নে ঃ** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, খানসামা, দিনাজপুর।

**(xvi) প্রকৌশল বিভাগ ঃ** উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, গত ১০/১২/২০১৫ খ্রিঃ তারিখের উপজেলা পরিষদ সভায় অনুমোদনকৃত PIC এর মাধ্যমে বাস্তবায়নকৃত প্রকল্পগুলোর প্রকল্প কমিটি গঠন করা প্রয়োজন।

**সিদ্ধান্ত ঃ** বিস্তারিত আলোচনান্তে সংশ্লিষ্ট বিভাগ/প্রতিষ্ঠান হতে প্রকল্প বাস্তবায়ন কমিটি (PIC) পাওয়ার পর চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসারকে অনুমোদন দেয়ার জন্য সিদ্ধান্ত গ্রহণ করা হলো।

বাস্তবায়নে ঃ চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী, খানসামা, দিনাজপুর।

০৩। **বিবিধ আলোচনা ও সিদ্ধান্ত ঃ** (ক) **উপজেলা পরিষদের বিভিন্ন অফিস ও বাসা বাড়ির পানির লাইন ও ট্যাপ খারাপ/অকেজো পানির লাইন মেরামতকরণ ও ট্যাপ স্থাপন প্রকল্প ২০১৫-২০১৬**

**সিদ্ধান্ত ঃ উপজেলা পরিষদের বিভিন্ন অফিস ও বাসা বাড়ির পানির লাইন ও ট্যাপ খারাপ/অকেজো স্থাপনসহমেরামতকরণ প্রকল্প পরিষদের রাজস্ব তহবিল হতে PIC এর মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হলো এবং উক্ত কাজ সম্পন্ন করার** জন্য **নিম্নরুপ প্রকল্প কমিটি গঠন করা হলো ।**

প্রকল্প কমিটি ঃ

(১) জনাব মোঃ মোকছেদুল গণি শাহ, চেয়ারম্যান, ১নং আলোকঝাড়ী ইউ,পি, খানসামা, দিনাজপুর- সভাপতি
(২) জনাব মোঃ ওবায়দুর রহমান, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, খানসামা, দিনাজপুর- সদস্য
(৩) জনাব মোঃ আখতারুজ্জামান, উপজেলা সামজ সেবা অফিসার, খানসামা, দিনাজপুর- সদস্য
(৪) জনাব মোঃ বোরজাহানা কবীর,সহকারী শিক্ষা অফিসার, উপজেলা শিক্ষা অফিস, খানসামা, দিনাজপুর- সদস্য
(৫) জনাব আব্দুর রাজ্জাক, উপসহকারী প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, খানসামা, দিনাজপুর- সদস্য
(৬) জনাব মোঃ নজরুল ইসলাম অফিস সহকারী -কাম-কম্পিউটার অপারেটর, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, খানসামা, দিনাজপুর- সদস্য
(৭) জনাব মোহাঃ জাহাঙ্গীর আলম, সাঁট মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, খানসামা, দিনাজপুর-সদস্য সচিব

বাস্তবায়নে ঃ চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী, খানসামা, দিনাজপুর।

(খ) উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, গত ১৪ জানুয়ারি, ২০১৬ খানসামা উপজেলার নতুন উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবন এর শুভ উদ্বোধন করা হয়। কিন্তু ভবনটির উভয় পার্শ্বে গ্রীল না থাকায় ভবনটিতে নিরাপত্তার অভাব পরিলক্ষিত হয়। উক্ত ভবনে নিরাপত্তা নিশ্চিত করণের জন্য ভবনের উভয় পার্শ্বে গ্রীল নির্মাণের প্রয়োজন।

উপজেলা প্রকৌশলী বলেন, ইতোমধ্যে তিনি উক্ত গ্রীলের প্রাক্কলন করেছেন। যা নির্মাণে ২,০০,০০০/- (দুইলক্ষ) টাকা খরচ হতে পারে।

সভাপতি বলেন, নতুন ভবনের গ্রীল নির্মাণের জন্য নিম্নোক্তভাবে কমিটি গঠন করা যায়।

**প্রকল্প কমিটি ঃ**

(১) জনাবা মোছাঃ মিনা বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, খানসামা, দিনাজপুর- সভাপতি
(২) জনাব মোঃ এজামুল হক, উপজেলা কৃষি অফিসার, খানসামা, দিনাজপুর- সদস্য
(৩) জনাব মোঃ হাবিবুল ইসলাম, উপজেলা শিক্ষা অফিসার, খানসামা, দিনাজপুর- সদস্য
(৪) জনাব ফজলে রাব্বী মোঃ সাজ্জাদুর রহমান, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, খানসামা, দিনাজপুর- সদস্য
(৫) জনাব মোঃ তফিজ উদ্দিন, অফিস সহকারী -কাম-কম্পিউটার অপারেটর, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, খানসামা, দিনাজপুর-সদস্য
(৬) জনাব মোঃ আব্দুস সালাম ইমাম, উপজেলা পরিষদ জামে মসজিদ, খানসামা, দিনাজপুর- সদস্য
(৭) জনাব আব্দুর রাজ্জাক, উপসহকারী প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, খানসামা, দিনাজপুর- সদস্য সচিব

**সিদ্ধান্ত ঃ** নতুন উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবনের উভয় পার্শ্বে গ্রীল নির্মাণের জন্য ২,০০,০০০/- (দুইলক্ষ) টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে ব্যয় করার এবং উপরিউক্ত কমিটি কর্তৃক বাস্তবায়নের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়।

**বাস্তবায়নে ঃ** চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, খানসামা, দিনাজপুর।

(গ) উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, চেয়ারম্যান, উপজেলা পরিষদ কার্যালয়ের সীমানা প্রাচীর, উপজেলা নির্বাহী অফিসারের বাস ভবনের সীমানা প্রাচীর ও পুরাতন অডিটরিয়ামের বহিরাংশের দেয়ালে রং চুনকাম ডিসটেম্পার করা প্রয়োজন। সভায় বিষয়টি বিস্তারিত আলোচনা করা হয়।

**সিদ্ধান্ত ঃ** চেয়ারম্যান, উপজেলা পরিষদ কার্যালয়ের সীমানা প্রাচীর, উপজেলা নির্বাহী অফিসারের বাস ভবনের সীমানা প্রাচীর ও পুরাতন অডিটরিয়ামের বহিরাংশের দেয়ালে রং ডিসটেম্পার করার সিদ্ধান্ত গৃহীত হলো এবং উক্ত কাজ সম্পন্ন করার জন্য প্রকল্প কমিটি গঠন করা হলো।

**প্রকল্প কমিটি ঃ**

(১) জনাবা মোছাঃ মিনা বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, খানসামা, দিনাজপুর - সভাপতি
(২) জনাব মোঃ এজামুল হক, উপজেলা কৃষি অফিসার, খানসামা, দিনাজপুর- সদস্য
(৩) জনাব মোঃ হাবিবুল ইসলাম, উপজেলা শিক্ষা অফিসার, খানসামা, দিনাজপুর- সদস্য
(৪) জনাব ফজলে রাব্বী মোঃ সাজ্জাদুর রহমান, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, খানসামা, দিনাজপুর- সদস্য
(৫) জনাব মোঃ তফিজ উদ্দিন, অফিস সহকারী -কাম-কম্পিউটার অপারেটর, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, খানসামা, দিনাজপুর-সদস্য
(৬) জনাব মোঃ আব্দুস সালাম ইমাম, উপজেলা পরিষদ জামে মসজিদ, খানসামা, দিনাজপুর- সদস্য
(৭) জনাব আব্দুর রাজ্জাক, উপসহকারী প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, খানসামা, দিনাজপুর- সদস্য সচিব

(ঘ) উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, ২নং ভেড়ভেড়ী ইউনিয়নের সরকারপাড়া গ্রামে অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্থ্য ৬২ (বাষট্টি) টি পরিবারের মাঝে ৫০০/- (পাঁচশত) টাকা মূল্যের ০১ (এক) টি করে শাড়ি ও ০১ (এক) টি করে লুঙ্গিসহ নগদ ৫০০/- (পাঁচশত) টাকা করে সর্বমোট ৬২,০০০/- (বাষট্টি হাজার) টাকা সভাপতির সদয় আদেশে বিতরণ করা হয় যা অনুমোদন প্রয়োজন।

**সিদ্ধান্ত ঃ** ২নং ভেড়ভেড়ী ইউনিয়নের সরকারপাড়া গ্রামে অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্থ্য ৬২ (বাষট্টি) টি পরিবারের মাঝে ৫০০/- (পাঁচশত) টাকা মূল্যের ০১ (এক) টি করে শাড়ি ও ০১ (এক) টি করে লুঙ্গিসহ নগদ ৫০০/- (পাঁচশত) টাকা করে সর্বমোট ৬২,০০০/- (বাষট্টি হাজার) টাকা মাত্র উপজেলা রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে ব্যয় করা হয় যা অনুমোদন দেয়া হলো।

(ঙ) চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, খানসামা, দিনাজপুর জানান যে, তাঁরা ডিসেম্বর ২০১৫ খ্রিঃ হতে ফেব্রুয়ারি ২০১৬ খ্রিঃ পর্যন্ত ০৩ (তিন) মাস বিভিন্ন তারিখে প্রশাসনিক ও উন্নয়নমূলক কাজ দেখাশুনার জন্য তথা জনস্বার্থে ভ্রমণ করেছেন। উক্ত সময়ের ভ্রমণ ভাতা/ দৈনিক ভাতা বিল বাবদ চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান (২৬,২৫০/- +১৫,৫০০/-+১৫,৫০০/-)= ৫৭,২৫০/- টাকা উপজেলা পরিষদ কর্তৃক অনুমোদনের জন্য তাঁরা অনুরোধ জানান। বিস্তারিত আলোচনান্তে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্ত ঃ** নির্ধারিত হারে ভ্রমণ ভাতা/ দৈনিক ভাতা বিল অনুমোদনের সিদ্ধান্ত গৃহিত হলো।

**বাস্তবায়নে ঃ** চেয়াম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, খানসামা, দিনাজপুর।

(চ) উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, ৯৯ জন গরীব ও মেধাবী ছাত্র/ছাত্রীগণ উচ্চ শিক্ষা লাভের জন্য আর্থিক সাহায্যের আবেদন করেছেন। সভায় বিষয়টি বিস্তারিত আলোচনা করা হয়।

**সিদ্ধান্ত ঃ** ২০১৫-২০১৬ অর্থ বছরে উপজেলা রাজস্ব তহবিলের গরীব ও মেধাবী ছাত্র/ছাত্রীদের বৃত্তি প্রদান খাত হতে সর্বমোট ২,০০,০০০/- (দুইলক্ষ) টাকা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

**বাস্তবায়নে ঃ** চেয়াম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, খানসামা, দিনাজপুর।

পরিশেষে, সভাপতি উপজেলার সার্বিক উন্নয়নের লক্ষ্যে উপস্থিত সকলকে আন্তরিক হওয়ার পরামর্শ প্রদানপূর্বক সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ সহিদুজ্জামান শাহ্)
সভাপতি
উপজেলা পরিষদ সভা
ও
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
খানসামা, দিনাজপুর।

উপজেলা পরিষদ কার্যালয়
খানসামা, দিনাজপুর।

স্মারক নং ঃ ০৫.৫৫.২৭৬০.০০০.২৫.০০১.১৬- ০৯(৪০) তারিখ ঃ ১৬/০৩/২০১৬ খ্রিঃ।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে / জ্ঞাতার্থে ও কার্যার্থে) প্রেরণ করা হলো ঃ

০১। জনাব আবুল হাসান মাহমুদ আলী,এম,পি ও মাননীয় মন্ত্রী, পররাষ্ট্র মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।
০২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৪। জেলা প্রশাসক, দিনাজপুর।
০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, খানসামা, দিনাজপুর।
০৬। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, খানসামা, দিনাজপুর।
০৭। উপজেলা.............................................................................কর্মকর্তা,খানসামা, দিনাজপুর।
০৮। চেয়ারম্যান, ...... নং.....................................................ইউনিয়ন পরিষদ, খানসামা, দিনাজপুর।
০৯। জনাব / বেগম ..........................................................সম্মানিত সদস্য, খানসামা, দিনাজপুর।
১০। সংশ্লিষ্ট নথি।

(মোঃ সাজেদুর রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
খানসামা, দিনাজপুর।
ফোনঃ ০৫৩৩২- ৫৬০০১ (অঃ)।
unokhansama@mopa.gov.bd